

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর  
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.dip.gov.bd

নং-৫৮.০১.০০০০.১০১.৩৩.০০১.১৫-১৭৮

তারিখঃ ১২ মাস ১৪২৪ বঙ্গাব্দ।  
২৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ সহকারী পরিচালকগণের পারস্পরিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা চূড়ান্তকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মেজর জেনারেল মোঃ মাসুদ রেজওয়ান, পিএসসি  
মহাপরিচালক  
স্থানঃ ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬০২)।  
তারিখ ও সময়ঃ ২০/০১/২০১৮ খ্রিঃ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা।  
উপস্থিত কর্মকর্তাগণের  
তালিকাঃ পরিশিষ্ট-ক।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে স্বাগত বক্তব্যে তিনি জানান যে, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালকগণের পারস্পরিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা প্রস্তুতকরণের জন্য অধিদপ্তরের স্মারক নং-বপাঅ/প্রঃ-২/১০১/২০১৫/৯৯, তারিখঃ ১৬/০১/২০১৭ খ্রিঃ মোতাবেক ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদনের ভিত্তিতে স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.৩৩.০০১.১৫-২৫৬৬, তারিখঃ ২৩/১১/২০১৭ খ্রিঃ মোতাবেক এই অধিদপ্তরের সহকারী পরিচালকগণের মধ্যে পারস্পরিক জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুতপূর্বক অধিদপ্তরের website-এ প্রকাশ করা হয় এবং তৈরিকৃত খসড়া তালিকার বিষয়ে কোন আপত্তি, অভিযোগ, পরামর্শ থাকলে তালিকা প্রকাশের তারিখ হতে ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হয়। তালিকা সম্পর্কে ১৩(তের) জন সহকারী পরিচালক এবং ১(এক) জন সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক আপত্তি উত্থাপিত হলে তা নিষ্পত্তির জন্য স্মারক নং- নং- ৫৮.০১.০০০০.১০১.৩৩.০০১.১৫-১২৬, তারিখঃ ১৮/০১/২০১৮ খ্রিঃ মোতাবেক ২০/০১/২০১৮ খ্রিঃ তারিখ মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আহ্বান করা হয়। অতপর তিনি এ অধিদপ্তরের সহকারী পরিচালকগণের পারস্পরিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া তালিকা বিষয়ে আপত্তি উত্থাপনকারী কর্মকর্তাগণকে নিজ নিজ বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

নং	কর্মকর্তার নাম, পদবি	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত
১.	জনাব মোহাম্মদ জাহিদুল হক সহকারী পরিচালক	তিনি সভাকে জানান যে, ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ বিসিএস উত্তীর্ণ হলেও ক্যাডার পদে স্বল্পতার কারণে সুপারিশ পাননি। পরবর্তীতে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্যে নন ক্যাডারের জন্য আবেদন চাওয়া হলে তারা আবেদন করেন এবং এই অধিদপ্তরে সহকারী পরিচালক হিসেবে সুপারিশ প্রাপ্ত হন। তাই নন-ক্যাডারের জন্য যে আবেদন চাওয়া হয়েছে তাই হলো ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত সহকারী পরিচালকগণের উন্মুক্ত বিজ্ঞপ্তি। সে হিসেবে ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের বিজ্ঞপ্তি ০৬/০২/২০১১ খ্রিঃ তারিখের পরে হওয়ায় তিনিসহ পিএসসি কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ৮০.১০৬.০১১.০১.০০.০১০.২০১০-২৬, তারিখঃ ০৬/০২/২০১১ খ্রিঃ-এর মাধ্যমে সুপারিশকৃত কর্মকর্তাগণ ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের চেয়ে জ্যেষ্ঠতা পাবেন।  সভাপতিসহ সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন যে, উন্মুক্ত বিজ্ঞপ্তির সাথে পরীক্ষা বা মূল্যায়নের সম্পর্ক রয়েছে। তাছাড়া উন্মুক্ত বিজ্ঞপ্তি হলো তাই, যেখানে ধর্ম, বর্ণ নির্বিশেষে যোগ্যতা সম্পন্ন সকল বাংলাদেশি নাগরিক অংশগ্রহণ করতে পারেন। তাই ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে ৩০তম বিসিএস-এর বিজ্ঞপ্তিই উন্মুক্ত বিজ্ঞপ্তি এবং তাদের মূল নিয়োগ বিজ্ঞপ্তি।	পূর্ববর্তী উন্মুক্ত বিজ্ঞপ্তি হিসেবে ৩০তম বিসিএস (নং- ৮০.২০০.০৪৬.০০.০০.০০১.২০১০- ৩৬০, তারিখঃ ০৮/০৩/২০১০ খ্রিঃ) এবং ৩১তম বিসিএস (নং- ৮০.২০০.০৪৬.০০.০০.০৪২.২০১১- ১১৯৯, তারিখঃ ২৬/০১/২০১১ খ্রিঃ)- এর পাশাপাশি পিএসসি-এর মাধ্যমে সরাসরি প্রদানকৃত নিয়োগ বিজ্ঞপ্তিকে বিবেচনায় রেখে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ অনুসারে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে।

